তারিখ 02 AUG 2008
পৃষ্ঠা ১২ কলাম ৩

# দেশের চারটি অনার্স কলেজে একাদশ শ্রেণী চালু হচ্ছে

স্টাফ রিপোর্টার : দেশের চারটি অনার্স কলেজে পুনরায় একাদশ শ্রেণী চালু করা হচ্ছে। ইতোমধ্যে ফরিদপুরের রাজেন্দ্র কলেজ, খুলনার কমার্স কলেজ এবং যশোরের মাইকেল মধুসূদন কলেজে একাদশ শ্রেণীতে পাঠদানের সিদ্ধান্ত চূড়ান্ত হয়ে গেছে। এছাড়া ময়মনসিংহের আনন্দমোহন কলেজে পুনরায় একাদশ শ্রেণী চালুর বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে বলে সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে। এ বছর বিপুলসংখ্যক শিক্ষার্থী এসএসসিতে ভালো ফল করায় সরকার একাদশ শ্রেণীতে পাঠদান বন্ধ থাকা এসব কলেজে পুনরায় পাঠদানের সিদ্ধান্ত নেয়। তিনটি কলেজে একাদশ শ্রেণীতে পাঠদানের সিদ্ধান্ত চূড়ান্ত হয়েছে। চলতি শিক্ষাবর্ষ থেকেই এসব কলেজে শিক্ষার্থী ভর্তি করা হবে। তবে আনন্দমোহন কলেজে কলেজ শাখা খোলার বিষয়টি এখনও চূড়ান্ত হয়নি। এ ব্যাপারে খুব শিগগিরই সিদ্ধান্ত নেয়া হবে বলে শিক্ষা মন্ত্রণালয় সূত্রে জানা গেছে। শিক্ষার্থীদের ভালো প্রতিষ্ঠানে পড়াশোনা নিশ্চিত করতে সরকার ইতোমধ্যে ঢাকার শেরে বাংলা নগর সরকারী বালক উচ্চ বিদ্যালয়, খিলগাঁও সরকারী উচ্চ বিদ্যালয়, মতিঝিল সরকারী উচ্চ বিদ্যালয়, চট্টগ্রামের কলেজিয়েট স্কুল, রাজশাহীর কলেজিয়েট স্কুল, খুলনার জিলা স্কুল এবং বরিশালের জিলা স্কুলেও একাদশ শ্রেণী চালু করেছে।